

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.৫৯০.২০১৭

তারিখঃ ২৫.১১.২০১৭  
২৪ জামসুদা, ১৩


বিষয়ঃ রীট পিটিশন নং-১৭৫০৪/২০১৭, [ পিটিশনার জনাব মোঃ আবুল কালাম আজাদ, পিতা-মৃত-আব্দুল লতিফ, গ্রাম- গোবিন্দনগর  
থানা-ছাতক, জেলা- সুনামগঞ্জ - বনাম - সরকার ও অন্যান্য ] এর অনুচ্ছেদওয়ারী ঘটনা বিবরণী প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ সহকারী রেজিষ্টার কর্তৃক ০৯.০১.২০১৮ তারিখে প্রেরিত বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগের ০৩.১২.২০১৭ তারিখের  
আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, পিটিশনারদের অনুকূলে ১৪২৪ সালের জন্য ইজারা প্রদানকৃত সুনামগঞ্জ জেলার ছাতক উপজেলাধীন গোবিন্দগঞ্জ নতুন বাজার এর দখল হস্তান্তর এবং কত নং দাগে পশুরহাট অবস্থিত তা নির্ধারণ, তোহা বাজার খালি করে দেয়া এবং দখল বঞ্চিত সময় ইজারা বর্ধিত করণের দাবীতে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়সহ ৯ জনকে প্রতিপক্ষ করে এই রীটটি দায়ের করা হয়েছে। হাইকোর্ট বিভাগ শুনানী অন্তেঃ তর্কিত গোবিন্দগঞ্জ নতুন বাজার এর সম্পূর্ণ অংশের দখল (Possession) ১৪২৪ সালের ইজারা গ্রহীতা (পিটিশনার) এর অনুকূলে দখল হস্তান্তরে প্রতিপক্ষের নিজস্বতা কেন বেআইনী ঘোষণা করা হবেনা; পজেশন হস্তান্তরের জন্য কেন আদেশ দেয়া হবেনা এবং ইজারা মেয়াদে যে অংশে ইজারাদার ভোগ করতে পারেনা সে মেয়াদ বর্ধিত করার জন্য কেন আদেশ দেয়া হবে না সে মর্মে প্রতিপক্ষগণের প্রতি রুল ইস্যুপূর্বক কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। ইউএনও, ছাতক বরাবর ২১.৮.২০১৭ তারিখে পিটিশনার কর্তৃক দাখিলকৃত আবেদনটি আদেশ প্রাপ্তির ২(দুই) সপ্তাহের মধ্যে নিষ্পত্তি করার আদেশ দিয়েছেন। বিজ্ঞ আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজীতে অনুচ্ছেদওয়ারী জবাব এবং ঘটনার প্রকৃত বিবরণী (Statement of Defense) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে বিজ্ঞ আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত ৪ রুলের কপি।

  
২৫.১১.১৭  
(মুহাম্মদ আনোয়ার পাশা)  
উপসচিব (আইন-১)

ফোনঃ+৮৮০২-৯৫৪০৯৯৫

e-Mail: [dslaw1.lgd.gov@gmail.com](mailto:dslaw1.lgd.gov@gmail.com)

জেলা প্রশাসক  
সুনামগঞ্জ।

সদয় অবগতি/ কার্যার্থে অনুলিপিঃ

১. যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. উপজেলা নির্বাহী অফিসার, ছাতক, সুনামগঞ্জ।
৪. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. অফিস কপি/ মাস্টার কপি।